তারিখ ... 19 APR 1996 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

22

## শিক্ষা ক্ষেত্রে সংস্কার দরকার ঃ শামসুল হক

শিক্ষা, যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা অধ্যাপক মোঃ শামসুল হক শিক্ষার গুণগতমান উন্নয়ন, যথাযথ ব্যবস্থাপনা ও সুষ্ঠু তদারকীর মাধ্যমে দেশের বিপুল জনগোষ্ঠিকে মানব সম্পদে পরিণত করতে সমন্বিত প্রচেষ্টা জোরদার

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষা ক্ষেত্রে সংস্কার

(প্রথম পৃষ্ঠার পর)

করার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি শুক্রবার ঢাকায় বাংলাদেশ প্রশাসনিক ব্যবস্থাপনা ইনস্টিটিউটে (বিয়াম) 'শিক্ষক প্রশিক্ষণ ব্যবস্থাপনা এবং শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রশাসনিক পুনর্বিন্যাস' শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করছিলেন। মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প ও শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত দিনব্যাপী এ কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক, অতিরিক্ত সচিব মোহাম্মদ শহীদুল আলম, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক মিসেস রাশেদা বেগম, মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের কনসালট্যান্ট ও টিম লিডার ডঃ ই এ ফ্রাংকো এবং প্রকল্প পরিচালক অধ্যাপক আজহার আলী। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা উপদেষ্টা বলেন, বিগত সকল সরকার, দেশের শিক্ষাবিদগণ ও সর্বস্তরের মানুষের এখন উপলব্ধি এসেছে যে, দেশের জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য শিক্ষা ক্ষেত্রের সংস্কার ও উন্নয়ন অতীব প্রয়োজন। তিনি বলেন, জাতির এই বৃহত্তর লক্ষ্য অর্জনে শিক্ষক সম্প্রদায় ও শিক্ষার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ দায়িত্ব পালনে অধিকতর যত্নবান হতে হবে।

অধ্যাপক শামসুল হক কতিপয় উন্নয়নশীল দেশে শিক্ষা ক্ষেত্রে অর্জিত অগ্রগতির ইতিহাস বর্ণনা করে বলেন, দেশের শিক্ষার গুণগতমান উন্নয়ন ও ব্যবস্থাপনা উন্নয়নে সকলকে নিরলসভাবে কাজ করতে হবে।